কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২০.৭৬

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৮
০৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) স্কীমওনার হিসেবে দায়িত্ব পালন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০"বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ১ম সভা গত ১২/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ১৪.১ নং সিদ্ধান্তে ''বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআর সি) স্কীমওনার হিসেবে দায়িত্ব পালন করবে'' মর্মে উল্লেখ আছে।

০২। বর্ণিতাবস্থায়, ''বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কে স্কীমওনার হিসেবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
"বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

09.09.2021

৩-৯-২০২১
সাজিয়া জামান
উপসচিব

নির্বাহী চেয়ারম্যান
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২০.৭৬/১(৪)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৮
০৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, নীতি পরিকল্পনা ও সমন্বয় অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
৩) প্রশাসনিক কর্মকর্তা, নীতি পরিকল্পনা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
৪) অফিস কপি।

৩-৯-২০২১

সাজিয়া জামান
উপসচিব

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

**"বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মেসবাহুল ইসলাম<br>সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১২/৮/২০২১খ্রি: সকাল ১১.০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক তে সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল শহীদদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, মন্ত্রিপরিষদ কর্তৃক 'বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০' অনুমোদনের পর থেকেই কৃষি মন্ত্রণালয় নীতিমালাটি বাস্তবায়নে কাজ করছে। ইতোমধ্যে নীতিমালাটি বাস্তবায়নে একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আলোকে স্টিয়ারিং কমিটি গঠিত হয়েছে। স্টিয়ারিং কমিটির সদস্যদের সকলের সুচিন্তিত মতামত ও প্রচেষ্টা এ নীতিমালা বাস্তবায়নে সহায়ক হবে। অতঃপর তিনি সভার কার্যক্রম উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন।

২.০ সভায় স্টিয়ারিং কমিটির গঠন, GAP নীতিমালার উদ্দেশ্য, স্কীমওনারের দায়িত্ব এবং সার্টিফিকেশন বডির কার্যপরিধি কমিটিকে অবহিত করা হয়। বিএআরসি-র পলিসি সাপোর্ট প্রদানে সক্ষমতা থাকায় বিএআরসি-কে স্কীমওনার এবং ডিএই মাঠ পর্যায়ের উৎপাদন থেকে হার্ভেস্টিং পর্যন্ত পর্যাপ্ত লোকবল ও মাঠ তদারকির সক্ষমতা থাকায় ডিএই-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদানের প্রস্তাব করা হয়।

৩.০ অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) বলেন যে, মাঠ পর্যায়ের উৎপাদন থেকে হার্ভেস্টিং পর্যন্ত ডিএই দায়িত্ব পালন করে থাকে এবং কোয়ারেন্টাইন উইং সার্টিফিকেট প্রদান করে বিধায় ডিএই-কে স্কীমওনার এবং কোয়ারেন্টাইন উইং-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে। তিনি বলেন যে, সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা মতে GAP বাস্তবায়নে জেলা পর্যায়ে কর্মকর্তার পদ ডিএই-এর সাংগঠনিক কাঠামোতে সংযুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

৪.০ চেয়ারম্যান, বিএআরসি বলেন যে, বিএআরসি অনেকগুলি গবেষণা প্রতিষ্ঠানের এপেক্স বডি। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি GAP এর টেকনিক্যাল কমিটির নেতৃত্ব দেবেন। বিভিন্ন পলিসির ড্রাফট বিএআরসি থেকে হয়ে থাকে। GAP এর ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক লিংকেজসহ অনেক কাজ করতে হবে। বিএআরসি-কে স্কীমওনারের দায়িত্ব প্রদান করা হলে বিএআরসি উক্ত দায়িত্ব প্রতিপালনে সক্ষম। স্কিমওনারের কাজ লোগো তৈরি করা, পলিসি সাপোর্ট দেওয়া, অভিযোগ নিষ্পত্তি করা, মডিউল তৈরি করা। বিএআরসি'র এ সকল টেকনিক্যাল সাপোর্ট প্রদানের সক্ষমতা রয়েছে।

৫.০ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ডিএই-কে স্কীমওনারের দায়িত্ব প্রদান করার পক্ষে মতপ্রকাশ করেন।

৬.০ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বলেন যে, রপ্তানি বৃদ্ধির জন্য উৎপাদন থেকে হারভেস্ট পর্যন্ত মনিটরিং এর জন্য GAP বাস্তবায়ন দরকার।

৭.০ ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন বলেন যে, বাংলা GAP বাস্তবায়নের শুরুতে বিএআরসি-কে স্কীমওনার এবং ডিএই-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদানের পরিকল্পনা করা হয়েছিল। এখনও ডিএই-র কোয়ারেন্টাইন উইংএর সার্টিফিকেট অনেক দেশ গ্রহণ করে আবার অনেক দেশ গ্রহণ করে না। তাই বিএআরসি-কে স্কীমওনার, ডিএইকে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে। তিনি আরো বলেন যে, ডিএই'র ফিল্ড সার্ভিস উইং সরাসরি উৎপাদন বাস্তবায়ন কার্যক্রমের সাথে জড়িত, কোয়ারেন্টাইন উইং সার্টিফিকেট প্রদান করে থাকে বিধায় দুইটি ইউনিট এর কার্যক্রম সম্পূর্ণ আলাদা। ডিএই'র ক্রপস উইং অথবা কোয়ারেন্টাইন উইং-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

৮.০ সভাপতি, বাংলাদেশ ফ্রুট, ভেজিটেবল এন্ড এ্যালাইড প্রোডাক্ট এক্সপোর্টারস এসোসিয়েশন সেবা সুবিধা প্রদানের জন্য ডিএই-কে স্কীমওনার, ডিএইর কোয়ারেন্টাইন উইংকে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করার প্রস্তাব করেন। তিনি GAP কর্মপরিকল্পনার খসড়া সরবরাহ করা হলে বিস্তারিত মতামত প্রদানে সুবিধা হবে মর্মে মত প্রকাশ করেন।

৯.০ অতিরিক্ত সচিব (পিপিসি) বলেন যে, স্কীমওনারের কাজ স্ট্যান্ডার্ড প্রস্তুত করা, মডিউল তৈরী করা ইত্যাদি। সার্টিফিকেশন বডির কাজ উক্ত স্ট্যান্ডার্ড মাঠে বাস্তবায়ন কিভাবে হচ্ছে সে বিষয়ে সার্টিফিকেশনের ব্যবস্থা করা। GAP এর টেকনিক্যাল কমিটির আহবায়ক হিসেবে বিএআরসি-র চেয়ারম্যান দায়িত্ব পালন করবেন এবং সার্টিফিকেশন কমিটির আহবায়ক হিসেবে ডিজি,ডিএই দায়িত্ব পালন করবেন মর্মে নীতিমালায় উল্লেখ আছে। দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম দেশ ভিয়েতনামে ভিয়েত GAP চালু আছে। বাংলাদেশে নিজস্ব GAP হয়েছে। এর মডিউলগুলি গ্লোবাল GAP এর সাথে সমন্বয় রেখে তৈরি করা হবে ও মাঠে বাস্তবায়ন/মনিটরিং করা হবে। তিনি আরো বলেন যে, কর্মপরিকল্পনা অনুসারে GAP ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে এবংপরিশীলিত রুপ ধারণ করবে। স্কিম ওনার ও সার্টিফিকেশন বডি নির্ধারণ করে অন্যান্য এজেন্ডা টেকনিক্যাল কমিটি ও সার্টিফিকেশন কমিটির সুপারিশের ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে। বর্তমানে GAP এর প্রাথমিক কার্যক্রম শুরু করা জরুরি বিধায় প্রাথমিক/মৌলিক কাজসমূহ এগিয়ে নেওয়ার জন্য ডিএই-তে, বিএআরসি-তে এবং ডিএএম-এ ০১টি করে সেল গঠন করা প্রয়োজন।

১০.০ বিএবি-র প্রতিনিধি বলেন যে, বিএবি বাংলাদেশের এ্যাক্রিডিটেশনের এপেক্স বডি। বিএবি-র এ্যাক্রিডেশন সারাবিশ্বে স্বীকৃত। ISO স্ট্যান্ডার্ড এর বিষয়ে ডিএই-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যারা ম্যানুফ্যাকচার করে সে প্রতিষ্ঠান যদি সার্টিফিকেট প্রদান করে তবে তা কনফ্লিক্টিং হতে পারে।

১১.০ ডিজি (ব্রি) বলেন যে, বিএবি-র গাইডলাইন অনুযায়ী স্ট্যান্ডার্ড কোন প্রতিষ্ঠানকে স্কীমওনার/সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান প্রয়োজন। সে হিসেবে ডিএই-কে স্কীমওনার এবং বিএআরসি-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

১১.০ সভাপতি, বাংলাদেশ ক্যাব বলেন, ঐক্যমতের ভিত্তিতে এসব প্রাতিষ্ঠানিক কাঠামো বাস্তবায়ন দরকার হবে। ডিএই-কে স্কীমওনার ধরে বিএআরসি-কে সার্টিফিকেশন বডি হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

১২.০ উপদেষ্টা, বাংলাদেশ ফ্রুট, ভেজিটেবল এন্ড এ্যালাইড প্রোডাক্ট এক্সপোর্টারস এসোসিয়েশন বলেন যে, ইন্টারনাল অডিটর হিসেবে এসোসিয়েশেন-কে রাখা যেতে পারে। GAP এর ক্ষেত্রে শুধু MRL নয় বরং তার সাথে প্যাথজেনিক, পরিবেশ, জীববৈচিত্র্য, ট্রেসাবেলিটি সমূহ দেখতে হবে। হেভিমেটালের জন্য চাল, হলুদ ও মরিচের গুড়া বাহিরে পাঠানো যাচ্ছেনা। কৃষি রপ্তানি সফলভাবে করতে হলে টেকনিক্যাল কমিটিতে এসোসিয়েশনকে সাথে রাখতে

হবে। তিনি আরো বলেন যে, এসোসিয়েশন সাথে থাকলে GAP এর নিয়ম অনুসারে তারা মান অক্ষুন্ন রেখে স্প্রে করা, প্যাকেজিং করা, মাঠ পর্যায়ে ডায়েরী মেইনটেইন করতে পারবে। তিনি বলেন সারা পৃথিবীতে গবেষক, ব্যবসায়ী, মন্ত্রণালয় এক সাথে সমন্বয় করে কাজ করে, আমাদের দেশে গবেষকের সাথে মন্ত্রণালয়ের এবং মন্ত্রণালয়ের সাথে ব্যবসায়ীদের সমন্বয় বৃদ্ধি করতে হবে।

১৩.০ সভাপতি বলেন, নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিত করতে হলে উত্তম কৃষি চর্চা নীতিমালা অবশ্যই বাস্তবায়ন করতে হবে। ফলে কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে নতুন দুয়ার উন্মোচিত হয়েছে। মাননীয় মন্ত্রী ইতোমধ্যে শ্যামপুরের কেন্দ্রীয় প্যাকিং হাউজ পরিদর্শন করেছেন এবং সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করেছেন। এছাড়াও পূর্বাচলে নতুন এ্যাক্রিডেট ল্যাব স্থাপনের জন্য চেষ্টা করা হচ্ছে। সকলের একত্রিত প্রচেষ্টায় উত্তম কৃষি চর্চা শুরু হলে একদিন অবশ্যই এর সুফল পাওয়া যাবে। তিনি আলোচনায় সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

১৪.০ বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১৪.১ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) স্কীমওনার হিসেবে দায়িত্ব পালন করবে।

১৪.২ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর(ডিএই)-এর কোয়ারেন্টাইন উইং 'সার্টিফিকেশন বডি' হিসেবে দায়িত্বপালন করবে।

১৪.৩ GAP বাস্তবায়নের জন্য বিএআরসি,ডিএই ও ড্যাম কর্তৃপক্ষ বিদ্যমান জনবল থেকে পদায়ন করে GAP ইউনিট গঠন করবে।

১৪.৪ পরবর্তী স্টিয়ারিং কমিটির সভার আলোচ্য বিষয়সমূহ টেকনিক্যাল কমিটি ও সার্টিফিকেশন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্ধারণ করা হবে।

১৫.০ সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মেসবাহুল ইসলাম)
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২০.৭৪

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **GAP বাস্তবায়নের জন্য বিএআরসি, ডিএই ও ড্যাম কর্তৃপক্ষ বিদ্যমান জনবল থেকে পদায়ন করে GAP ইউনিট গঠন সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ১ম সভা গত ১২/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।
উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
"GAP বাস্তবায়নের জন্য বিএআরসি, ডিএই ও ড্যাম কর্তৃপক্ষ বিদ্যমান জনবল থেকে পদায়ন করে GAP ইউনিট গঠন করবে"।
০২। বর্ণিতাবস্থায়, " GAP বাস্তবায়নে GAP ইউনিট গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

MD (MAM)
০৭.০৯.২০২১

২-৯-২০২১
সাজিয়া জামান
উপসচিব

বিতরণ :
১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৩) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২০.৭৪/১(৪)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, নীতি পরিকল্পনা ও সমন্বয় অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
৩) প্রশাসনিক কর্মকর্তা, নীতি পরিকল্পনা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
৪) অফিস কপি।

২-৯-২০২১

সাজিয়া জামান
উপসচিব